

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর ৫ দিন ব্যাপী বার্ষিক গবেষণা পর্যালোচনা বিষয়ক
কর্মশালার উদ্বোধন

ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর ৫ দিন ব্যাপী বার্ষিক গবেষণা পর্যালোচনা বিষয়ক কর্মশালা গত ৭/১১/২০১৫ তারিখ উদ্বোধন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের উদ্বোধন করেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব শ্যামল কান্তি ঘোষ।

বিনার ড. এম এ ওয়াজেদ মিয়া অডিটরিয়ামে বিনার মহাপরিচালক ড. মোঃ শমসের আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের চেয়ারম্যান ড. আবুল কালাম আজাদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষণা সিস্টেমের পরিচালক প্রফেসর ড. লুৎফুল হাসান, বিনার পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ) ড. মোঃ আজগার আলী সরকার, পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) ড. মোঃ মনোয়ার করিম খান, পরিচালক (গবেষণা) ড. হোসেনারা বেগম, ময়মনসিংহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক সমীর সরকার প্রমুখ। অনুষ্ঠানে বক্তারা বলেন, বিনা দেশের কৃষি গবেষণা প্রতিষ্ঠানগুলো মধ্যে ব্যতিক্রম ধর্মী গবেষণা প্রতিষ্ঠান। এখানে নতুন জাতের ধান, ডাল, তেল, সজী সহ বিভিন্ন সস্য জাতীয় ফসল ছাড়াও জৈব সার উদ্ভাবন করা হয়ে থাকে।

মাননীয় কৃষি সচিব বলেন বিনা ইতিমধ্যে নতুন নতুন জাত উদ্ভাবনে কৃষি এবং দেশের জন্য অবদান রেখেছে। বিনা অন্য কৃষি গবেষণা প্রতিষ্ঠান থেকে সতন্ত্র প্রতিষ্ঠান। বিনা গামা রশ্মির মাধ্যমে নতুন নতুন জাত উদ্ভাবন করে। বিনার নতুন-নতুন জাত ইতিমধ্যে দেশের বিভিন্ন অঞ্চলে বেশ জনপ্রিয় হয়ে উঠেছে এবং দেশের মজা দুরিকরণে প্রধান ভূমিকা রেখেছে। বিনার সল্প মেয়াদী ধানের চাষ করে ইতিমধ্যে দুই ফসলের জমিতে তিন ফসল অনাসে আবাদ করা যায়। এই সরকার কৃষি বান্ধব সরকার, কাজেই বিনাকে আরো নতুন-নতুন জাত উদ্ভাবনে কৃষি ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখতে হবে। কর্মশালার উদ্বোধন শেষে কৃষি সচিব বিনার বিভিন্ন গবেষণাগার এবং মাঠ পরিদর্শন করেন।

৫ দিন ব্যাপী এই কর্মশালায় প্রায় তিনশতাধিক বিনার বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী শ্রামক ছাড়াও অন্যান্য কৃষি বিভাগে কর্মকর্তা-কর্মচারী ও দেশের বিভিন্ন অঞ্চলের কৃষকরা অংশ গ্রহন করে।

ময়মনসিংহ।

০৭/১১/১৫



বার্ষিক গবেষণা পর্যালোচনা বিষয়ক কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব শ্যামল কান্তি ঘোষ।



নেরিকা ধান হতে উদ্ভাবিত খরা সহিষ্ণু নতুন মিউটেন্ট ধানের মাঠ পরিদর্শন করছেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব শ্যামল কান্তি ঘোষ।